দৈনিক ইনকিলাব

তারিখ 0 9 MAY 1990
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2

23

# শিক্ষাঙ্গন

## নকল প্রতিরোধ প্রসঙ্গে

গত ১২-৪-৯০ ইং তারিখে দৈনিক ইনকিলাবের শিক্ষাঙ্গন কলামে ফারহানা ইসলাম জয়ার 'নকল প্রতিরোধ প্রসঙ্গে' প্রবন্ধটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। তার সাথে একমত হয়ে আমিও বলছি, প্রাইমারী শ্রেণীর পাঠ্যপুস্তকে বিশেষ করে বাংলা বইয়ের কবিতাংশে এমন জটিল ও দুর্বোধ্য প্রশ্ন দেয়া আছে যা বুঝে উঠা প্রাইমারী ছাত্র-ছাত্রীদের পক্ষে সম্ভব হয় না। এমনকি তার উত্তর বের করতে বড়রাও হিমশিম খেয়ে যায়। আরেকটি উদাহরণ দেয়া যায়—যেমনঃ ৫ম শ্রেণীর বাংলা বইয়ে 'অতীশ দীপঙ্কর' নামক যে গল্পটি পাঠ্য করা হয়েছে তা কি ছাত্র-ছাত্রীদের মাথায় ঢুকবে? প্রাথমিক অবস্থা থেকেই সৃজনশীলতার বিকাশ ঘটাতে হবে এবং নোট বই কিংবা প্রাইভেট কোচিং-এর উপর নির্ভরতা কমাতে হবে। নইলে এরা বড় হয়ে নকল প্রবণতা ও মুখস্থ প্রবণতার দিকে ঝুঁকবেই।

কাজেই প্রাথমিক পাঠ্যবইয়ে জটিলতা বর্জন করুন এবং শিশু শিক্ষা মনোবিজ্ঞান অনুযায়ী পাঠ্যসূচী প্রণয়ন করুন।—এস, এম, শফিকুর রহমান (নয়ন)